তথ্য অধিকার আইন, ২০০৯

[অভিযোগ দায়ের, নিষ্পত্তি, ইত্যাদি (ধারা ২৫)]

একজন ব্যক্তি নিম্নলিখিত কারণে বা সংক্ষুব্ধ হয়ে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করতে পারবেন,

(ক) ধারা ১৩(১) এ উল্লিখিত কারণে তথ্য প্রাপ্ত না হলে;

(খ) ধারা ২৪ এর অধীন আপীলের সিদ্ধান্তে সংক্ষুব্ধ হলে;

(গ) ধারা ২৪ এ উল্লিখিত সময়সীমার মধ্যে তথ্য প্রাপ্তি বা তথ্য প্রদান সংক্রান্ত সিদ্ধান্ত প্রাপ্ত না হলে।

- সিদ্ধান্ত প্রদানের তারিখ বা সময়সীমা অতিক্রান্ত হবার তারিখ হতে পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে তথ্য কমিশনে অভিযোগ দায়র করতে পারবেন।
- অভিযোগকারী যুক্তিসংগত কারণে নির্দিষ্ট সময়সীমার মধ্যে অভিযোগ করতে না সক্ষম হলে, তথ্য কমিশন উক্ত সময়সীমা অতিবাহিত হওয়ার পরও অভিযোগ গ্রহণ করতে পারবেন।
- তথ্য কমিশন যদি নিশ্চিত হন যে, কোন কর্তৃপক্ষ বা কোন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এই আইনের বিধনাবলী অনুসরণে করণীয় কোন কার্য করতে ব্যর্থ হয়েছেন বা করণীয় নয় এমন কার্য করেছেন তা হলে তথ্য কমিশন এই ধারার অধীন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার বিরুদ্ধে কার্যক্রম গ্রহণ করতে পারবেন।
- প্রয়োজনে প্রধান তথ্য কশিনার উক্ত অভিযোগটি স্বয়ং অনুসন্ধান করবেন অথবা অনুসন্ধানের জন্য অন্য কোন তথ্য কমিশনারকে দায়িত্ব প্রদান করবেন।
- ৩০ দিনের মধ্যে সংশ্লিষ্ট অভিযোগের অনুসন্ধান সম্পন্ন করে প্রধান তথ্য কমিশনার বা তথ্য কমিশনার কমিশনের জন্য একটি সিদ্ধান্তকার্যপত্র প্রস্তুত করবেন এবং আলোচনাক্রমে এই বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করবেন।
- অভিযোগের অনুসন্ধানকালে যে কর্তৃপক্ষ বা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সিদ্ধান্তের বিরুদ্ধে অভিযোগ দায়ের করা হয়েছে, তাকে সিদ্ধান্তের স্বপক্ষে যুক্তি উপস্থাপনের সুযোগ প্রদান করতে পারবেন।
- কোন অভিযোগের বিষয়বস্তুর সাথে তৃতীয় পক্ষ জড়িত থাকলে তথ্য কমিশন তৃতীয় পক্ষকে বক্তব্য পেশ করবার সুযোগ প্রদান করবেন।
- প্রাপ্ত অভিযোগ তথ্য কমিশন সাধারণভাবে ৪৫ দিনের মধ্যে নিষ্পত্তি করবে, সাক্ষীর জবানবন্দী গ্রহণ বা তদন্ত সম্পাদন ইত্যাদি কারণে বর্ধিত সময়ের প্রয়োজন হলে উক্ত বর্ধিত সময়ের মধ্যে অভিযোগ নিষ্পন্ন করা যাবে। তবে কোনক্রমেই সর্বমোট ৭৫ দিনের অধিক হবে না।

প্রচারে: মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী